2021-2022 DCSD শিক্ষার্থীর আচরণবিধি পাওয়ার নিশ্চিতকরণ

*DeKalb County School District পরিবারদেরকে বছরে একবার স্কুল শিক্ষাবর্ষের শুরুতে **DCSD শিক্ষার্থীর আচরণবিধি** প্রদান করে। DCSD শিক্ষার্থী আচরণবিধিতে ডিস্ট্রিক্ট, আচরণের প্রত্যাশা, শিক্ষার্থী এবং পিতামাতার অধিকার এবং বাধ্যবাধকতা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য দেওয়া থাকে। 2021-2022 স্কুল শিক্ষাবর্ষের জন্য, ডিস্ট্রিক্ট পরিবারদেরকে বৈদ্যুতিন মাধ্যমে শিক্ষার্থী আচরণবিধি প্রদান করবে। নিম্নলিখিত লিঙ্কে এটি পাওয়া যাবে, অনূদিত সংস্করণও এতে থাকবে:* https://www.dekalbschoolsga.org/student-support-intervention/student-relations.

*যদি কোনো কাণে শিক্ষার্থীর আচরণবিধির বৈদ্যুতিন সংস্করণ ব্যবহার করতে না পারেন, তাহলে অনুগ্রহ করে **2021-2022 DCSD শিক্ষার্থী আচরণবিধির**ছাপানো সংস্করণ পেতে**আপনার বাচ্চার স্কুলে** বা স্টুডেন্ট রিলেসনস বিভাগের 678-676-1811 নম্বরে কল করুন। ছাপানো কপির জন্য অনুরোধ করতে, আপনি **studentrelations@dekalbschoolsga.org**-এ ইমেল করতে পারেন। অনুগ্রহ করে আপনার অনুরোধের সঙ্গে শিক্ষার্থীর পুরো নাম ও যে স্কুলে ভর্তি হয়েছে তার নাম লিখুন এবং ফাইলে শিক্ষার্থীর যে প্রাথমিক ঠিকানা আছে সেটিতে একটি ছাপানো কপি ডাকযোগে পাঠানো হবে।*

একজন বাবা-মা/অভিভাবক হিসেবে, আপনাকে শিক্ষার্থীর আচরণবিধি পড়তে হবে, সম্পূর্ণ পর্যালোচনা করতে হবে এবং আপনার শিক্ষার্থীর সঙ্গে আলোচনা করতে হবে। শিক্ষার্থীর আচরণবিধিতে *যে সকল গুরুত্বপূর্ণ তথ্য আছে তা হল:*

- **FERPA, PPRA, ESSA, ধারা 504 এবং IDEA সহ রাষ্ট্রীয় আইনের অধীনে বাবা-মা ও শিক্ষার্থীর অধিকারের বিজ্ঞপ্তি;**
- **বাধ্যতামূলক উপস্থিতি আইনের অধীনে পিতামাতার বাধ্যবাধকতা, বাধ্যতামূলক প্রতিবেদন, ESSA এবং ক্লাব বা সংস্থায় অংশগ্রহণ থেকে শিক্ষার্থীকে বাদ দেয়ার ক্ষেত্রে অভিভাবকের অধিকার সহ রাষ্ট্রীয় আইনের প্রয়োজনীয়তার বিজ্ঞপ্তি;**
- **ডিস্ট্রিক্টের শুনানি এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শৃঙ্খলাসহ শিক্ষার্থীর আচরণবিধি, এবং শৃঙ্খলা সম্পর্কিত তথ্য;**
- **ইন্টারনেট এবং প্রযুক্তি ব্যবহারের প্রত্যাশা।**

নিচে সই করার মাধ্যমে, আমি ***2021-2022 DCSD শিক্ষার্থীর আচরণবিধি*** *পাওয়া স্বীকার করছি।* নথির বিষয়বস্তু, শৃঙ্খলার নির্দেশিকা, বাসের আচরণবিধি এবং নিরাপত্তাবিধি একজন ফ্যাকাল্টি বা কর্মী সদস্য পর্যালোচনা করবেন। আমি নথিটি নিয়ে আমার বাচ্চার সঙ্গে আলোচনা করব ও আমি বুঝেছি যে আমার বাচ্চার ***2021-2022 শিক্ষার্থীর আচরণবিধি*** সম্পর্কে বোঝা দরকার এবং স্কুলে ক্লাস করার সময় ও ভার্চুয়াল মাধ্যমে ক্লাস করার সময় এটি এবং আমার বাচ্চার স্কুলের আচরণবিধি মেনে চলবে। আমি অনুধাবন করছি যে আমি কিছু বুঝতে না পারলে ফ্যাকাল্টি বা কর্মী সদস্যদের সেই নিয়ে জিজ্ঞাসা করতে পারি। আমি এও বুঝেছি যে ***2021-2022 DCSD শিক্ষার্থীর আচরণবিধি*** স্বীকার না করলে **2021-2022 DCSD *শিক্ষার্থীর আচরণবিধিতে*** থাকা তথ্যের ক্ষেত্রে আমার সন্তানকে কোনো দায়বদ্ধতা থেকে মুক্ত করবে না।

সটুডেন্ট সামার স্কুল/প্রোগ্রামে শিক্ষার্থীর দায়িত্ব

আমি নিশ্চিত করছি যে, আমি ***2021-2022 DCSD শিক্ষার্থীর আচরণবিধিতে*** থাকা বিধি, বিধান, পদ্ধতি, প্রক্রিয়া, স্টেট, স্থানীয় ও রাষ্ট্রীয় আইন বুঝি এবং 2021-2022 স্কুল শিক্ষাবর্ষে ও 2021-2022 স্কুল শিক্ষাবর্ষের পর সমস্ত সামার প্রোগ্রামে তা মেনে চলতে দায়বদ্ধ। আমি আরো বুঝতে পেরেছি যে, আমি 2021-2022 স্কুল শিক্ষাবর্ষে এবং 2022 সালে সমস্ত DeKalb County School District-এর সামার স্কুল/প্রোগ্রামে কোনো আইন লঙ্ঘন করলে আমি অবিলম্বে **2021-2022 DCSD শিক্ষার্থীর আচরণবিধিতে** তালিকাভুক্ত সব স্তরের পরিণতির আওতায় আসব।

DeKalb County School District
নিরাপদ স্কুলের অঙ্গীকার

আমি নিশ্চিত করছি ও বুঝেছি যে আমার স্বতন্ত্র অভিমত এবং পদক্ষেপ DeKalb County School District এর অন্যান্য শিক্ষার্থীর অভিমত এবং কাজের সাথে মিলিতভাবে পরিবর্তন জানাবে। এই অঙ্গীকারের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে আমি আমাদের স্কুলকে নিরাপদ এবং সফল করতে আমার দায়িত্ব পালন করতে পারি।

আমি বিশ্বাস করি যে আমি ভাল ছাত্র/ছাত্রী হতে পারি। আমি বিশ্বাস করি যে আমি উত্তম চরিত্র প্রদর্শন করতে পারি। আমি বিশ্বাস করি যে, কঠোর পরিশ্রম করলে আমি সফল হব, তাই আমি প্রতিদিন আমার যথাসাধ্য করতে কঠোর পরিশ্রম করব। আমি শিখতে পারি। আমি শিখব। আমার স্কুলকে নিরাপদ রাখতে সাহায্য করার জন্য, আমি *শিক্ষার্থীর আচরণবিধি* উল্লেখিত নির্দেশনাসমূহ মেনে চলার অঙ্গীকার করছি। আমি বুঝতে পারছি যে, স্কুল নিয়মের গুরুতর লঙঘনের কারণে দশ (10) দিনের সাময়িক বরখাস্তকরণ হতে পারে এবং এরপর ডিসট্রিক্টের যথাযথ প্রক্রিয়ার শুনানি চলবে। এই প্রক্রিয়ার অতিরিক্ত পরিণতি হতে পারে যাতে স্কুল থেকে আমার বহিষ্কার বা আমার বিকল্প স্কুল/কর্মসূচিতে প্রেরণ অন্তর্ভুক্ত থাকতে পারে।

বাধ্যতামূলক শিক্ষা

আমি বাধ্যতামূলক শিক্ষা, শিক্ষার্থী উপস্থিতি প্রোটোকল এবং উপস্থিতি/ শৃঙ্খলা (আরও তথ্যের জন্য **021-2022 DCSD শিক্ষার্থীর আচরণবিধির** পৃষ্ঠা 39 এবং 42 দেখুন) সংক্রান্ত জর্জিয়া স্টেটের আইন অনুসরণের নিশ্চয়তা দিচ্ছি এবং তা মেনে চলতে ব্যর্থতার ফলাফল ও শাস্তির বিষয়টি বুঝেছি।

জরিপে অংশগ্রহণে শিক্ষার্থীর সম্মতি

প্রতি বছর জর্জিয়া শিক্ষা বিভাগ 3 থেকে 12 গ্রেডের শিক্ষার্থীদের উপর সমীক্ষা পরিচালনা করে। এই সমীক্ষায় মাদক, সহিংসতা, মানসিক স্বাস্থ্য সমস্যা, ড্রাইভিং অভ্যাস, ব্যায়াম এবং খাদ্য গ্রহণের বিষয় অন্তর্ভুক্ত। এসব জরিপ বেনামী এবং এতে কোনো ব্যক্তিগত সনাক্তকরণ অবশ্যক নয়। এসব জরিপ স্কুল ডিসট্রিক্টকে শিক্ষার্থীদের জন্য প্রয়োজন ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন এবং মূল্যায়নে সাহায্য করার সুযোগ করে দেয়। জরিপে অংশগ্রহণ করাটা ঐচ্ছিক। আরো তথ্যের জন্য ***021-2022 DCSD শিক্ষার্থীর আচরণবিধির*** 66 নং পৃষ্ঠার শিক্ষার্থীদের অধিকারের সুরক্ষা সংশোধনটি দেখুন। এই জরিপটি ডিস্ট্রিক্টের নিরাপত্তা নিরীক্ষা থেকে পৃথক এবং স্বতন্ত্র, যা সব শিক্ষার্থীকে সম্পন্ন করতে বলা হবে।

__________ আমি আমার সন্তানকে জর্জিয়া শিক্ষা বিভাগের জর্জিয়ার শিক্ষার্থীদের স্বাস্থ্য জরিপে অংশগ্রহণ করার অনুমতি প্রদান করছি না।

__________ আমি আমার সন্তানকে জর্জিয়া শিক্ষা বিভাগের জর্জিয়ার শিক্ষার্থীদের স্বাস্থ্য জরিপে অংশগ্রহণ করার অনুমতি প্রদান করছি।

শিক্ষার্থীর নাম ______________________________ শিক্ষার্থীর স্বাক্ষর ______________________________

অভিভাবকের নাম

অভিভাবকের স্বাক্ষর ______________________________

অভিভাবকের টেলিফোন নম্বর ______________________________